

আলোকিত বাংলাদেশ

বুধবার ৬ নভেম্বর ২০১৯

প্ৰতিষ্ঠান: আলোকিত বাংলাদেশ | বর্ষ ১০ সংখ্যা ০৫ | ১১ কলিকাতা ১৪২০ | ৮ বর্ষিক অট্টালিকা ১৪৪১ বিহাৰী | www.alokitbangladesh.com | thealokitbangladesh

‘প্রযুক্তির সফল প্রয়োগে জীবন মান উন্নত করা সম্ভব’

জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তিকে সঠিকভাবে প্রয়োগ করে পরিবেশ দূষণ রোধ, খাদ্যে ভেজাল বন্ধ এবং অফিস-আদালতে সুশাসন প্রতিষ্ঠা করা সম্ভব। এছাড়া মোবাইল প্রযুক্তির মাধ্যমে বহুমাত্রিক জনসেবা প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে। বিশেষ করে সরকারের উদ্যোগে মোবাইল অ্যাপসের মাধ্যমে জনসেবার মানে প্রচুর গুণগত পরিবর্তন এসেছে। তবে মোবাইল আসক্তি থেকেও শিক্ষার্থীদের রক্ষা করতে হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইবিএ এবং রাজশাহী পবা উপজেলা প্রশাসন আয়োজিত রোববার পৃথক পৃথক সেমিনার এবং বিজ্ঞান বিষয়ক প্রতিযোগিতা অনুষ্ঠানে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী এ মন্তব্য করেন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সেমিনারে উপস্থিত ছিলেন আইবিএর পরিচালক, সিনিয়র অধ্যাপকরা, বিবিএ শিক্ষার্থী এবং পবা উপজেলা প্রশাসনের কর্মসূচিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সরকারি কর্মকর্তা ও ছাত্রছাত্রী, মিডিয়া, সিভিল সোসাইটির প্রতিনিধিরা। সংবাদ বিজ্ঞপ্তি